

## প্রেস রিলিজ

৫ আগস্ট, ২০২১

### শেখ কামালঃ সকল প্রতিশ্রুতির এক-আলোকিত যুব নেতার স্মরণ

আজ যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র শহিদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২তম জন্মবার্ষিকী বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরায় পালিত হয়। আলোচনা সভায় ক্যানবেরাস্থ বাংলাদেশ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ শেখ কামালের জীবন ও কর্মের বিভিন্ন দিক নিয়ে বিশ্লেষণ করেন।

শেখ কামালের দুরদর্শীতা, ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনে অতুলনীয় অবদান, সাংগঠনিক নেতৃত্ব এবং তাঁর রাজনৈতিক পরিচয়কে পিছনে ফেলে স্বমহিমায় উত্তোলিত হওয়ার নানা বিষয় আলোচকগণ তুলে ধরেন। শেখ কামাল ছিলেন যুব সমাজের জন্য আদর্শ। তার চিন্তা ও মননে ছিল বাংলাদেশের যুব সমাজকে মুক্ত মনের করে গড়ে তোলা, ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে এগিয়ে নেওয়া।

হাইকমিশনার সুফিউর রহমান তাঁর বক্তব্যে বলেন, শেখ কামাল বাংলার ক্রীড়া-সাংস্কৃতিক-সামাজিক অঙ্গনের এক উজ্জ্বল নক্ষত্র, যা অকালে নিতে যায়। তাঁর সাংগঠনিক সক্ষমতা ও মানুষকে আপন করে নেয়ার সহজাত ক্ষমতা তাঁর রাজনৈতিক নেতা হিসেবে বেড়ে উঠার প্রতিশ্রুতি, সম্ভাবনা ও নিশ্চয়তা ইঙ্গিত করত। কুচক্ষীদের ষড়যন্ত্রে বঙ্গবন্ধুর নির্মম হত্যার সাথে উঠতি নেতা শেখ কামালের সে সব সম্ভাবনাকেও বিনষ্ট করা হয়, যা বাংলাদেশের জন্য অপূরনীয় ক্ষতি হিসেবে সর্বদা বিবেচিত হবে।

আলোচনা সভার পূর্বে শহিদ ক্যাপ্টেন শেখ কামালের জীবন ও কর্মের উপর নির্মিত একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য নীরবতা পালন এবং বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়।

সংযুক্তিঃ অনুষ্ঠানের ছবি।

